

“সাশ্রয়ে জ্বালানি,  
সমৃদ্ধ আগামী”

“শেখ হাসিনার উদ্যোগ,  
ঘরে ঘরে বিদ্যুৎ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বিদ্যুৎ বিভাগ

টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ ( স্রেডা)

আইইবি ভবন (১১ তলা), রমনা, ঢাকা-১০০০

[www.sreda.gov.bd](http://www.sreda.gov.bd)

নং: ২৭.০২.০০০০.০২২.১৬.০২৫.১৭-২৭৫৫

তারিখ: ০২ জুলাই ২০১৯ খ্রিঃ

### জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার প্রস্তুতিমূলক প্রশিক্ষণের বিজ্ঞপ্তি

জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা- ২০১৮ অনুযায়ী বিদ্যুৎ ও জ্বালানি ব্যবহারকারী প্রতিষ্ঠানসমূহে জ্বালানি দক্ষতা ও সাশ্রয় নিশ্চিতের লক্ষ্যে জ্বালানি নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করা হবে। সরকারের এ কার্যক্রম পরিচালনার জন্য টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ ( স্রেডা) , জ্বালানি নিরীক্ষক সনদ পরীক্ষার মাধ্যমে জ্বালানি নিরীক্ষকদের সনদ প্রদান করবে। উক্ত পরীক্ষার প্রস্তুতিমূলক ৭ দিনব্যাপী প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে।

২. পরিচালক (জ্বালানি নিরীক্ষা), স্রেডা, ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন (আইইবি) ভবন (১১ তলা), রমনা, ঢাকা-১০০০ বরাবর আগামি ২২ জুলাই’ ২০১৯ খ্রিঃ তারিখ বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে ডাকযোগে/সরাসরি আবেদন পৌঁছাতে হবে। আবেদন ফরম ডাউনলোডের জন্য নিম্নলিখিত ওয়েবপেইজটি ভিজিট করুন-  
<http://sreda.gov.bd/index.php/site/page/9173-3aa3-cd81-52d4-a4bc-c69f-e210-bb32-b64b-11b2>

৩. জ্বালানি নিরীক্ষা প্রবিধানমালা-২০১৮ অনুযায়ী জ্বালানি নিরীক্ষা সনদ পরীক্ষায় অংশগ্রহণের নিম্নবর্ণিত যেকোনো যোগ্যতা থাকতে হবে বিধায় প্রস্তুতিমূলক প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদেরও একই যোগ্যতা থাকতে হবে, যথা:-

- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, কেমিক্যাল বা ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ২ (দুই) বছরের কর্ম অভিজ্ঞতাসহ মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল, কেমিক্যাল বা ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকসহ প্রকৌশলে অথবা ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি;
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ৩ (তিন) বছরের কর্ম অভিজ্ঞতাসহ পদার্থবিদ্যা, গণিত শাস্ত্র, ইলেক্ট্রনিক্স বা রসায়ন শাস্ত্রে (স্নাতক পর্যায়ে পদার্থবিদ্যা এবং গণিত শাস্ত্র থাকিতে হইবে) স্নাতকোত্তর ডিগ্রি; অথবা
- ❖ বিদ্যুৎ ও জ্বালানি সংক্রান্ত বিষয়ে অনূন ৭ (সাত) বছরের কর্ম অভিজ্ঞতাসহ মেকানিক্যাল বা ইলেকট্রিক্যাল বা পাওয়ার বিষয়ে ডিপ্লোমা ও কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে জ্বালানি নিরীক্ষা বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত।

৪. প্রশিক্ষণের জন্য আসন সংখ্যা সীমিত থাকায়, আবেদন প্রাপ্তির পর স্রেডা কর্তৃক প্রাথমিক যাচাইয়ে যোগ্য প্রশিক্ষণার্থীদের মনোনীত করা হবে।

৫. মনোনীত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা দিতে হবে। ফি জমাদানের প্রক্রিয়া পরবর্তীতে স্রেডা ওয়েবসাইটে প্রকাশের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৬. মনোনীত প্রশিক্ষার্থীদের তালিকা পরবর্তীতে শ্রেডা ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৭. প্রশিক্ষণসূচি পরবর্তীতে ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং এস.এম.এস অথবা ই-মেইলের মাধ্যমে প্রশিক্ষার্থীদের জানিয়ে দেয়া হবে।

৮. খামের উপরে প্রশিক্ষণের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। স্বাক্ষরবিহীন ও অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯. আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের সাথে শিক্ষাগত যোগ্যতার সনদ ও কাজের অভিজ্ঞতার সনদ/ প্রমাণক এর কপি সংযুক্ত করতে হবে।

১০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই বিজ্ঞাপন বাতিল/প্রত্যাহারের অধিকার সংরক্ষণ করে।

স্বা/=

(মোঃ আব্দুল্লাহ আল মামুন)

সহকারী পরিচালক (জ্বালানি নিরীক্ষা ও এক্রিডিটেশন)